

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন  
০৫, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.০০.১৪৩.১৫. ৫২৫০

তারিখঃ ২৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ সোনালী ব্যাংক (ফসলী) ঋণ কর্মসূচির মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে ৩০% আদায় নিশ্চিত করার নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থবছরে জুন/২০২০ মাসের মাসিক প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে ফসলী ঋণের মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ ৩৮২৪.৫৯ লক্ষ টাকা। উল্লিখিত খেলাপীর জন্য সোনালী ব্যাংকের নিকট বিআরডিবি'র ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এছাড়া বাংলাদেশ ব্যাংকসহ মন্ত্রণালয়ে বিআরডিবি প্রতিষ্ঠান হিসেবে বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হচ্ছে।

এমতাবস্থায়, সোনালী ব্যাংক (ফসলি) ঋণ কর্মসূচির মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের বিষয়ে ৬ (ছয়) মাসের কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে বর্ণিত ঋণ কর্মসূচির মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ৩০% আদায় নিশ্চিত করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ-

- ১। ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে মেয়াদোত্তীর্ণ খেলাপী ৩০% আদায় নিশ্চিত করার জন্য জেলার উপপরিচালক এর তত্ত্বাবধানে ক্রাশ প্রোগ্রামের আওতায় কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নিবিড়ভাবে ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে এবং কর্মপরিকল্পনার অনুলিপি সদর দপ্তরে প্রেরণ করতে হবে।
- ২। ডিসেম্বর/২০২০ মাস পর্যন্ত খেলাপী ঋণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণপূর্বক উপপরিচালক, ইউআরডিও এবং এআরডিও'র নেতৃত্বে সর্বোচ্চ পরিমাণ মাঠ ভ্রমণ নিশ্চিত করতে হবে।
- ৩। কোন অবস্থায় চলতি ঋণ খেলাপীতে পরিণত করা যাবে না। চলতি ঋণ আদায়ের ক্ষেত্রে সমিতির সভাপতি/ম্যানেজার এবং সদস্যদের সাথে নিয়মিত ঋণ আদায়ের জন্য সরেজমিনে সমিতি পরিদর্শন করতে হবে। এছাড়া টেলিফোনে সমিতির সভাপতি, ম্যানেজার এবং সদস্য পর্যায়ে নিয়মিত যোগাযোগ নিশ্চিতকরণ পূর্বক ঋণ আদায় করতে হবে।
- ৪। খেলাপী ঋণ আদায়ে প্রয়োজনে আবশ্যিকভাবে যৌথ ভ্রমণ করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে বিশেষ কর্মসূচি পরিচালনার মাধ্যমে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ কমপক্ষে ৩০% আদায় নিশ্চিত করতে হবে।

সংযুক্তিঃ মেয়াদোত্তীর্ণ ৪৮ টি জেলার তালিকা।

২৪/৯/২০

আবদুর রশিদ  
যুগ্মসচিব  
পরিচালক (সরেজমিন)  
ফোন-৮১৮০০০৬

উপপরিচালক  
বিআরডিবি, জেলা দপ্তর (সংশ্লিষ্ট)।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.০০.১৪৩.১৫. ২২৫০

তারিখঃ ২৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে/ জ্ঞাতার্থে প্রেরণ।

- ১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
২৪/০৯/২০২০  
ফেরদৌস মামুন শিমুল  
উপপরিচালক (স্বর্ণ)

২০১৯-২০২০ অর্থ বছরের সোনালী ব্যাংক (ফসলি) ঋণের আদায় এবং মেয়াদোত্তীর্ণ খেলাপীর তথ্য

(লক্ষ টাকা)

ক্রঃ নং-	জেলার নাম	বছরে আদায়	মেয়াদোত্তীর্ণ খেলাপী
১	পঞ্চগড়	৪.২৩	৭৬.৭৮
২	ঠাকুরগাঁও	৮.৯৪	৯.৪১
৩	দিনাজপুর	২০.৬২	১.৪৮
৪	লালমনিরহাট	১.০৮	৬৮.৯৮
৫	কুড়িগ্রাম	৩.০৫	৫৮.৪৮
৬	গাইবান্ধা	২.০১	৫৮৬.৬৩
৭	বগুড়া	১.৪২	১০৭.৪০
৮	সিরাজগঞ্জ	০.০২	৩.৮৬
৯	পাবনা	৪২০.৬০	১২১.১৭
১০	নওগাঁ	১৬৪.৪৯	৩৮.৩২
১১	চাঁপাই নবাবগঞ্জ	২৭২.৩৬	৫০.৭০
১২	রাজশাহী	১৫৮.০১	০.৪৫
১৩	কুষ্টিয়া	০.০০	২.৮৭
১৪	চুয়াডাঙ্গা	১১.৯৩	০.৭২
১৫	যশোর	৯৮৮.৫৯	২৫৪.৭৯
১৬	নাড়াইল	১৩১.২৫	২৯২.০৪
১৭	সাতক্ষীরা	১০১৮.৮৬	২.০৬
১৮	খুলনা	২৭.৫৮	৫.২৬
১৯	বাগেরহাট	৪৭.৯৫	৯২.৩৫
২০	বরগুনা	২.৯৬	৪৪.২৬
২১	পটুয়াখালী	৩৭.৭৮	৭০.১৩
২২	ভোলা	১৫.৩০	৭০.০০
২৩	বরিশাল	০.৮২	১৭.৬২
২৪	ঝালকাঠি	৩২.৯৫	১২.১৬
২৫	পিরোজপুর	৪.৩৭	৯.১৯
২৬	গোপালগঞ্জ	২৪.২৮	১৫.৬১
২৭	মাদারীপুর	২.১৩	২.৪৪
২৮	ফরিদপুর	১৩১.১৫	৮৪.৭৫
২৯	মানিকগঞ্জ	৪৭.৯০	২৭.৬৫
৩০	মুন্সিগঞ্জ	৫০.৮৬	২৬.৬২
৩১	নারায়ণগঞ্জ	০.৭০	১৬.৯৭
৩২	নরসিংদী	০.০০	৩.৪১
৩৩	গাজীপুর	০.০০	৬.০২
৩৪	টাঙ্গাইল	১১৩৭.১৩	১৭৭.০০
৩৫	জামালপুর	০.৩৮	১৪.৩৪
৩৬	শেরপুর	৩.৩০	৭৬.৭৮
৩৭	ময়মনসিংহ	১০২.১৮	৪৫৪.০৯
৩৮	কিশোরগঞ্জ	০.০০	২২.৯৩
৩৯	নেত্রকোনা	২৬.০১	৬০০.০৮
৪০	সুনামগঞ্জ	১.২১	৯৫.১০
৪১	সিলেট	০.০৭	৯.৭০
৪২	হবিগঞ্জ	০.০০	২৯.০৪
৪৩	কুমিল্লা	০.০০	১১.৭০
৪৪	চাঁদপুর	৭৯.৩২	১০৬.৩৬
৪৫	চট্টগ্রাম	০.০০	৫.০৯
৪৬	কক্সবাজার	১.৪০	৩৪.৯৮
৪৭	বান্দরবান	১৬.৫২	৪.৯৩
৪৮	রাঙ্গামাটি	২.১০	১.৮৯
	সর্বমোটঃ	৫০০৩.৮১	৩৮২৪.৫৯